গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নং:- ৫৯.১৪.০০০০.১০৫.৩৫.০০১.২৪. ৮৬২ | তারিখ: ০৭/০৫/২০২৪ খ্রিঃ

## ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ বিইউএমএস (*BUMS*), বিএএমএস (*BAMS*) এবং বিএইচএমএস (*BHMS*) কোর্সসমূহে ভর্তি বিজ্ঞপ্তি

সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, বেসরকারি রওশন জাহান ইউনানী মেডিকেল কলেজ, লক্ষীপুর, বেসরকারি হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ, বগুড়া, বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, জয়কালি মন্দির, ঢাকা, হামদর্দ ইনষ্টিটিউট অব ইউনানী আর্য়ুবেদিক মেডিসিন, গজারিয়া, মুন্সিগঞ্জ এ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য।

## ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের জন্য বিস্তারিত নির্দেশনা

২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষে সরকারি/বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজে ১ম বর্ষ বিইউএমএস (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী)/ বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সসমূহে এবং সরকারি/বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ১ম বর্ষ বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির লক্ষ্যে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে নির্ধারিত ছকে অনলাইনে **http://dgme.teletalk.com.bd** এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

০১. আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. যারা ২০২০ বা ২০২১ সনে এসএসসি/সমমান এবং ২০২২ বা ২০২৩ সনে এইচএসসি/সমমান (পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞানসহ) পরীক্ষায় পাস করেছে তারা আবেদনযোগ্য।

০৩. দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদন যোগ্য হবে না।

০৪. উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদন যোগ্য হবে না।

০৫. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।

| | | |
|---|---|---|
| ০৬. | অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ০৯-০৫-২০২৪ খ্রি. (সকাল ১০.০০ টা) |
| ০৭. | অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ২৫-০৫-২০২৪ খ্রি. (রাত ১১:৫৯ মিঃ) |
| ০৮. | অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ২৬-০৫-২০২৪ খ্রিঃ (রাত ১১.৫৯ মিঃ) |
| ০৯. | প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড) | : ০৪-০৬-২০২৪ খ্রি. হতে ০৬-০৬-২০২৪ খ্রি. পর্যন্ত |
| ১০. | ভর্তি পরীক্ষার তারিখ | : ০৭-০৬-২০২৪ খ্রি. (শুক্রবার, বেলা ০৩:০০ টা হতে ৪:০০ টা পর্যন্ত) |

১১. সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১২. বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে বিএইচএমএস কোর্সে ডিপ্লোমা ডিগ্রীধারী শিক্ষার্থীদের জন্য ৫০ টি আসন সংরক্ষিত আছে। ডিপ্লোমা পাশকৃত বর্ণিত শিক্ষার্থীদের আগামী ০৮/০৫/২০২৪ খ্রি. হতে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্ত পর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি হোমিওপ্যাথিক বোর্ডের নিবন্ধন এর সত্যায়িত কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার অনলাইন আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না।

১৩. অনলাইনে আবেদন পত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলী ভাল ভাবে পড়ে, নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে।

১৪. সরকারি/বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি/বেসরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার Online ফরম পূরণের নিয়মাবলী:

১৪.১ Website: **http://dgme.teletalk.com.bd**

১৪.২ Website এ প্রবেশের আগে নিম্নে বর্ণিত জিনিসগুলি সাথে রাখতে হবে। এগুলো না থাকলে পূরণ শেষ না করেই Website থেকে বের হয়ে আসতে হবে।

১৪.৩ (১) 300 × 300 pixel মাপের নিজের একটি ছবি (jpg)। ফাইলের সাইজ 100 KB এর বেশী হবেনা। (ছবি থেকে স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)

(২) 300 × 80 pixel মাপের স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (jpg)। (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করে মাপ মত এডিট করতে হবে) ফাইলের সাইজ 60 KB এর বেশী হবেনা। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরী ও মিলিয়ে দেখার জন্য এই Home Page এ একটি Link দেওয়া আছে।

১৪.৪ উপরের দুইটাই কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website এ ঢুকবে) আগে থেকে রাখতে হবে অথবা Pendrive 'এ নিয়ে রাখতে হবে। কম্পিউটারের সাথে প্রিন্টার থাকা প্রয়োজন।

১৪.৫ ইংরেজীতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদি সহ) লিখিতভাবে নিজের কাছে রাখতে হবে।

১৪.৬ ভর্তিচ্ছু সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের কোর্সের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। কারণ পছন্দক্রম একবার দেওয়ার পর আর বদলানো যাবেনা। কোর্স কোডগুলো জানা থাকতে হবে। এ ক্ষেত্রে কোড ১১১, ১১২ ও ১১৩ পছন্দের ক্রমানুসারে অনলাইনে জমা দিতে হবে।

১৪.৭ উপরোক্ত প্রমাণকসমূহ এবং সাথে এই নিয়মাবলীর একটি কপি মজুদ থাকলে :

১৪.৮ **http://dgme.teletalk.com.bd ক্লিক করতে হবে।** প্রথমে ভর্তির নিয়মাবলীর একটি সংযোগ দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরৎ আসতে হবে।

১৪.৯ এখানে দুটি অপশন আছে। একটি তাদের জন্য যারা SSC/HSC/Equivalent Examination ইত্যাদি পাশ করেছে আরেকটি যারা O-Level /A-Level বা বিদেশ থেকে পাশ করেছে। দ্বিতীয় ধরনের প্রার্থীদের আগে Director, Medical Education এর কাছ থেকে Equivalent Certificate ও Code সংগ্রহ করতে হবে। Code ছাড়া ফরম পূরণ করতে পারবেন না। এছাড়া বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ডিপ্লোমা পাশকৃত শিক্ষার্থীগণ ২য় অপশনের মাধ্যমে পরিচালক (চিকিৎসা শিক্ষা) এর দপ্তর থেকে আইডি নম্বর গ্রহণ করে আবেদন করতে পারবেন।

১৪.১০ প্রথম অপশনে ক্লিক করুন। পৃষ্ঠার নিচে **Next** হাইলাইট হবে এবং সেটা ক্লিক করুন। দ্বিতীয় পৃষ্ঠা আসবে।

১৪.১১ এখানে SSC, HSC ইত্যাদির Roll No, Board, Year পূরণ করতে হবে। কারো উপজাতীয় কোটায় সুযোগ থাকলে তাকে Tribal Quota বাটন ক্লিক করতে হবে। এটা ক্লিক না করলে পরের পৃষ্ঠায় উপজাতির সংশ্লিষ্ট অপশনের সুযোগ থাকবেনা এবং উপজাতির কোটায় নির্ধারিত GPA ৭.০০ কার্যকরী হবেনা।

১৪.১২ এখানে কোন কিছু ভুল হলে **Reset** ক্লিক করে আবার পূরণ করতে হবে। সব পূরণ ঠিকভাবে হলে **Next** ক্লিক করে পরের পৃষ্ঠায় যেতে হবে।

১৪.১৩ এ পৃষ্ঠার উপরের অংশে প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্মতারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটারগ্রেডসমূহ এবং গ্রেডপয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে। (O level / A level প্রার্থীরা তাদের অপশনে গিয়ে নিজেরা পূরণ করবে)

১৪.১৪ পরীক্ষার সময় ইংরেজি প্রশ্নের প্রয়োজন হলে এখানে Question Language ইংরেজি অপশন পূরণ করতে হবে।

১৪.১৫ Home District পূরণ করতে হবে। পূরণকৃত জেলার কোটায় ভর্তির আসন বরাদ্দ পেলে, ভর্তির সময় সেই জেলার সার্টিফিকেট দেখাতে না পারলে, বরাদ্দকৃত আসন বাতিল হয়ে যাবে। অন্যান্য কোটার ক্ষেত্রেও তা প্রযোজ্য।

১৪.১৬ মুক্তিযোদ্ধা কোটার দাবিদার হলে এখানে Eligible for Freedom Fighter Quota বাটনে ক্লিক করতে হবে।

১৪.১৭ এরপর Present Address ও Permanent Address পূরণ করতে হবে। তারকা চিহ্নিত অংশ অবশ্যই পূরণ করতে হবে। না করলে পরের পৃষ্ঠায় যাওয়া যাবেনা। Present Address ও Permanent Address এক হলে Permanent Address এর সামনের বাটনে ক্লিক করলেই চলবে।

১৪.১৮ এগার (১১) ডিজিটের একটি মোবাইল নম্বর বাধ্যতামূলক যা ভর্তি প্রক্রিয়া চলাকালীন সার্বক্ষনিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেওয়ার পর এই মোবাইলে রোল নম্বর ও PIN নম্বর SMS এর মাধ্যমে আসবে। দ্বিতীয় ঘরে দ্বিতীয় মোবাইল নম্বর দেওয়া উচিৎ, প্রয়োজনে যোগাযোগের জন্য।

১৪.১৯ এরপর Choice Option পূরণ করতে হবে। বাম পার্শ্বের লিস্টের কোন কলেজকে হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডানদিকে চলে যাবে।

১৪.২০ এবার আগে থেকে তৈরী করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার থেকে অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

১৪.২১ Validation Code যেভাবে দেওয়া আছে, সেভাবে টাইপ করতে হবে।

১৪.২২ পৃষ্ঠার শেষে Declaration বাটনে ক্লিক করে **Submit** ক্লিক করতে হবে।

১৪.২৩ কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরের পৃষ্ঠা দেখা যাবে।

১৪.২৪ এই পৃষ্ঠায় একটি Invoice নম্বর দেখা যাবে। এই নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে কারণ এটা দিয়ে টেলিটক **Prepaid** মোবাইল থেকে দরখাস্তের টাকা জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষর দেখা যাবে এবং আবেদনকারীর সকল তথ্য দেখা যাবে। এ পৃষ্ঠা প্রিন্ট করে অবশ্যই রাখতে হবে।

১৪.২৫ এ পৃষ্ঠায় যদি কোন ভুল তথ্য পাওয়া যায় অথবা ছবি বা স্বাক্ষরে ভুল দেখা যায় তবে শুদ্ধ ছবি/স্বাক্ষর বা তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। কারিগরি সহায়তার জন্য 01550157750, 01550150056, 01550150080, 01550150066, 01550150064 নম্বরে ফোন করা যাবে ।

১৪.২৬ **Prepaid** টেলিটকের মাধ্যমে ফিস জমা দিলে Username ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে যেটা দিয়ে ফিস জমা দেওয়া হয়েছে এবং যেটার নম্বর ফরম পূরনের সময় লেখা হয়েছে। ফরম পূরনের সময় লেখা স্টার (*) চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল হলে চলবে। **এই Username ও Password দিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড করে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।**

১৪.২৭ অনলাইনে আবেদন করার পর SMS এর মাধ্যমে অবশ্যই ফি জমা দিতে হবে। ফি জমা দেবার পর আবেদন পত্র চূড়ান্তভাবে গৃহীত হবে। শুধু ফিসের টাকা জমা Prepaid টেলিটকের মাধ্যমে দিতে হবে। বাকি কাজ যে কোন মোবাইলে চলবে।

১৪.২৮ **ফিস জমা দেয়ার পদ্ধতি: (ক)** টেলিটকের Prepaid মোবাইল ফোনের message অপশনে গিয়ে UNAH লিখে, স্পেস দিয়ে Invoice no. লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে:

*উদাহরণ:* UNAH<Space>**FRLGCT Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে **FRLGCT** হলো ফরম পূরণ করে পাওয়া Invoice no.

১৪.২৯ ফিরতি SMS-এ একটি PIN, প্রার্থীর নাম এবং **পরীক্ষার ফী হিসেবে ১০০০/- (এক হাজার) টাকা কেটে রাখার** তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। (খ) Message অপশনে গিয়ে UNAH লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে স্পেস দিয়ে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

*উদাহরণ:* **UNAH<Space>YES<Space> 456789 Type** করে **Send** করুন **16222** নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN No.। PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের Prepaid মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS-এ একটি User ID ও Password দেওয়া হবে।

১৪.৩০ **আবেদনপত্র জমা দেওয়ার পর প্রার্থী উক্ত User ID ও Password দিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড করে তার প্রবেশ পত্র download করে কালার প্রিন্ট নেবে।**
প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি SMS-এ জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS **এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের** ওয়েবসাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট www.dghs.gov.bd এর মাধ্যমে জানানো হবে। নিচে কোর্সের নাম, কোর্স কোড ও কলেজের নাম দেওয়া হলো।

| কোর্স কোড | কোর্স এর নাম | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| 111 | BUMS | Govt.Unani & Ayurvedic Medical College |
| 112 | BAMS | |
| 113 | BHMS | Govt. Homeopathic Medical College |

(ক) Download করা প্রবেশ পত্র ও (খ) এইচএসসি/সমমান পরীক্ষার প্রবেশপত্র পরীক্ষার হলে ***অবশ্যই*** নিয়ে আসতে হবে।

১৫.১ **প্রার্থী মুল্যায়ন পদ্ধতি ও নম্বর বিভাজন** :-

**(ক) এইচএসসি উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে:**

- এসএসসি ও এইচএসসি এর জিপিএ এবং লিখিত (MCQ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে।
- এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ০৮ গুন = ৪০ নম্বর
  এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ১২ গুন = ৬০ নম্বর
  মোট ১০০ নম্বর
  MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর
  সর্বমোট = ২০০ নম্বর
- মৌখিক পরীক্ষা নেই।
- লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিদ্যা ২০, রসায়নবিদ্যা ২৫, জীববিজ্ঞান ৩০, ইংরেজী ১৫, সাধারন জ্ঞান ( বাংলাদেশ ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০। (সিলেবাস-এইচএসসি/সমমান)।

**(খ) বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ডিপ্লোমা পাশকৃত শিক্ষার্থীদের সংরক্ষিত আসনের ক্ষেত্রে:** এসএসসি পরীক্ষার জিপিএ/প্রাপ্তনম্বর, ডিপ্লোমা চূড়ান্তপর্বের প্রাপ্ত নম্বর এবং লিখিত (MCQ) ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে শিক্ষার্থী নির্বাচন করা হবে।

- এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে ৪০নম্বর/জিপিএ-এর ০৮ গুন = ৪০ নম্বর
  ডিপ্লোমা পরীক্ষায় প্রাপ্ত নম্বর থেকে ৬০নম্বর/জিপিএ-এর ১২ গুন = ৬০ নম্বর
  মোট = ১০০ নম্বর
  MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা = ১০০ নম্বর
  সর্বমোট = ২০০ নম্বর
- মৌখিক পরীক্ষা নেই।
- লিখিত পরীক্ষা (এমসিকিউ পদ্ধতি) পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বিভাজন: সংশ্লিষ্ট ডিপ্লোমা কোর্স কারিকুলাম থেকে ৭৫ নম্বর, ইংরেজী ১৫, সাধারন জ্ঞান (বাংলাদেশ ইতিহাস ও মুক্তিযুদ্ধ) ১০।

১৫.২ ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন এবং ফলাফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে। উত্তর পত্র "ওএমআর" (OMR) মেশিনে পরীক্ষা করা হবে।

১৫.৩ লিখিত পরীক্ষায় নূন্যতম ৪০ বা তদুর্ধ প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে পাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তালিকা প্রণয়ন করা হবে।

১৬. **নম্বর সমতাকরণ:**

১৬.১ বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/-(দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন পূর্বক মার্কস সার্টিফিকেটসমুহ বাংলাদেশে প্রচলিত GPA-তে রুপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে ফরম পূরণ করা যাবে।

১৬.২ বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে বিএইচএমএস কোর্সে ডিপ্লোমা ডিগ্রীধারী শিক্ষার্থীদের জন্য ৫০ টি আসন সংরক্ষিত আছে। ডিপ্লোমা পাশকৃত বর্ণিত শিক্ষার্থীদের আগামী ০৮/০৫/২০২৪ খ্রি. হতে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্ত পর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি হোমিওপ্যাথিক বোর্ডের নিবন্ধন এর সত্যায়িত কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার অনলাইন আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না। ভর্তি পরীক্ষার আইডি নম্বর প্রদান ও ডিপ্লোমা কোর্সের নম্বর সমতাকরণ ফি ২০০০/- (দুই হাজার টাকা) যা পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আবেদন পূর্বক প্রদান করতে হবে।

১৭ আসন বিভাজন:

১৭.১ **সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজের জন্য বিইউএমএস, বিএএমএস কোর্সে এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের জন্যে বিএইচএমএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজনঃ**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | আসন সংখ্যা | ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১. | সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, বিইউএমএস কোর্সে ২৫ জন বিএএমএস কোর্সে ২৫ জন | ৫০টি | ১. | সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ | ৫০টি |
| | ১. মুক্তিযোদ্ধার পুত্র -কন্যা ও পুত্র-কন্যাদের পুত্র -কন্যা মোট সাধারন আসনের ৫% এবং উপজাতীয় ১জন | | | ১. মুক্তিযোদ্ধার পুত্র -কন্যা ও পুত্র-কন্যাদের পুত্র -কন্যা মোট সাধারন আসনের ৫% এবং উপজাতীয় -১জন | |

১৭.২ **বেসরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজের জন্য বিইউএমএস, বিএএমএস কোর্সে এবং বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের জন্যে বিএইচএমএস কোর্সে মোট আসন সংখ্যার বিভাজনঃ**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | কোর্সের নাম | আসন সংখ্যা | ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | কোর্সের নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | রওশন জাহান ইউনানী মেডিকেল কলেজ, লক্ষীপুর<br>বিইউএমএস কোর্স<br>সাধারণ আসন: ৪৭ টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০৩টি | বিইউএমএস কোর্স | ৫০টি | ১. | বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ<br>জয়কালি মন্দির, ঢাকা।<br><br>বিএইচএমএস কোর্স:<br>এইচএসসি/সমমান উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা: ৫০টি<br>সাধারণ আসন: ৪৭টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০৩টি<br><br>ডিপ্লোমা ডিগ্রী ধারী শিক্ষার্থীদের জন্য আসন: ৫০টি<br>সাধারণ আসন: ৪৭ টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০৩টি | বিএইচএমএস কোর্স | ১০০টি |
| ২. | হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ, বগুড়া।<br>বিইউএমএস কোর্স:<br>সাধারণ আসন: ৪৭ টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০৩টি | বিইউএমএস কোর্স | ৫০টি | | | | |
| ৩. | হামদর্দ ইনষ্টিটিউট অব ইউনানী আর্যুবেদিক মেডিসিন, গজারিয়া, মুন্সিগঞ্জ<br>বিইউএমএস কোর্স:<br>সাধারণ আসন: ২৮ টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০২টি<br>বিএএমএস কোর্স:<br>সাধারণ আসন: ২৮ টি<br>মুক্তিযোদ্ধা কোটা: ০২টি | বিইউএমএস কোর্স ও বিএএমএস কোর্স | ৩০+৩০= ৬০টি | | | | |

১৮ জাতীয় মেধাতালিকা ও প্রার্থী নির্বাচন:

১৮.১ লিখিত পরীক্ষা ও এসএসসি/এইচএসসি/ডিপ্লোমা পরীক্ষার জিপিএ/প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনকারী কৃতকার্য সকল পরীক্ষার্থীর জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখ সহ) প্রকাশ করা হবে।

১৮.২ সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে মেধা ভিত্তিক শিক্ষার্থী নির্বাচন করা হবে। একই সাথে যুক্তিযুক্ত সংখ্যক প্রার্থীদের মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকাও প্রস্তুত করা হবে। সংরক্ষিত আসন সমূহেও নিজ নিজ শ্রেনীর দাবীদারদের মধ্য হতে মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। এ ক্ষেত্রে ও যুক্তিযুক্ত সংখ্যক মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রস্তুত করা হবে।

১৮.৩ সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে ছাত্র/ছাত্রীর পছন্দ ও মেধার ভিত্তিতে একই সাথে ভর্তি হবে। বর্নিত নিয়ম ব্যতিত অন্য কোনভাবে এক কলেজ হতে অন্য কলেজে বদলী হওয়া বা করা যাবে না।

১৯. আবেদনপত্রে যে সমস্ত তথ্য ও সনদপত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় *অবশ্যই* প্রদান করতে হবে

১৯.১ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

১৯.২ এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের সনদপত্র/ টেষ্টিমোনিয়াল।

১৯.৩ জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র।

১৯.৪ চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

১৯.৫ মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারীকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।

১৯.৬ পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীর ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার প্রদত্ত সনদপত্র।

১৯.৭ ডিপ্লোমা পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে ডিপ্লোমা পাশের সনদ, হোমিওপ্যাথিক বোর্ডের নিবন্ধনের কপি।

২০. পরীক্ষায় অবতীর্ন/নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য অসম্পূর্ণ ও ভুল প্রমানিত হলে, তার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গন্য হবে।

২১. *ভর্তি সংক্রান্ত তথ্য website:http://dgme.teletalk.com.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে। এ ছাড়াও সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তরেও তথ্য পাওয়া যাবে।*

২২. অনুমোদিত বেসরকারি ইউনানী মেডিকেল কলেজ, হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ইউনানী-আর্য়ুবেদিক অনুষদ হামদর্দ বিশ্ববিদ্যালয় উল্লেখিত কোর্সসমূহে শিক্ষার্থী ভর্তি ক্ষেত্রে কেন্দ্রীয় ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০বা তদুর্ধ প্রাপ্ত নম্বরধারীদের প্রস্তুতকৃত জ্যেষ্ঠতার মেধাক্রম অনুসরণ পূর্বক প্রাপ্ত আবেদনপত্রসমূহের পূর্নাঙ্গ তালিকা প্রকাশ করে নির্ধারিত আসনে যোগ্য শিক্ষার্থী ভর্তি করতে পারবেন।

২৩. বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ৫০% আসনে সমন্বিত ভর্তি পরীক্ষার নিয়ম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। চলতি শিক্ষাবর্ষে অবশিষ্ট ৫০% আসন সংশ্লিষ্ট ডিপ্লোমাধারীদের জন্য সংরক্ষিত থাকবে। ভর্তিচ্ছুক শিক্ষার্থীগণ পরিচালক চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে আইডি নম্বর গ্রহণপূর্বক অনলাইনে আবেদন করবেন। যাথাযথ প্রক্রিয়া শেষে যোগ্য শিক্ষার্থী নির্বাচন করে ফল প্রকাশ করা হবে।

২৪. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৫.৩৫.০০১.২৪. ৮৬২ তারিখ: ০৭-০৫-২০২৪ খ্রিঃ

অনুলিপি জ্ঞাতার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: পরিচালক, আইও বিভাগ)।
৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩. উপাচার্য, চট্রগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
১৫. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
১৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৮. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. যুগ্ম-সচিব ( চি:শি: অনুবিভাগ ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০. যুগ্ম-সচিব ( চি:শি: অধি শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/ উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
২২. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
২৩. পরিচালক (অল্টারনেটিভ মেডিসিন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২৪. পরিচালক, হোমিও ও দেশজ চিকিৎসা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৫. ডীন, ফ্যাকাল্টি অব ফার্মেসী ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৬. উপ-সচিব ( চি:শি:-১, চি:শি:-২, পার:-৩), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. অধ্যক্ষ, সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ঢাকা।
২৮. অধ্যক্ষ, রওশন জাহান ইউনানী মেডিকেল কলেজ, লক্ষীপুর।
অধ্যক্ষ, হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ, বগুড়া।
অধ্যক্ষ, বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ঢাকা।
পরিচালক, হামদর্দ ইনস্টিটিউট অব ইউনানী আর্য়ুবেদিক মেডিসিন, গজারিয়া, মুন্সিগঞ্জ।
২৯. অফিস কপি।

০৭/০৫/২০২৪

অধ্যাপক ডা. মো: মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৫.৩৫.০০১.২৪. ৮৬১ তারিখ : ০৭-০৫-২০২৪ খ্রিঃ

## ২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ বিইউএমএস (*BUMS*), বিএএমএস (*BAMS*) এবং বিএইচএমএস (*BHMS*) কোর্সসমূহে ভর্তি বিজ্ঞপ্তি

**সরকারি/বেসরকারি স্নাতক ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ এবং ইউনানী-আর্য়ুবেদিক অনুষদ, হামদর্দ বিশ্ববিদ্যালয়ের জন্য প্রযোজ্য**

২০২৩-২০২৪ খ্রি. শিক্ষাবর্ষ *BUMS* (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী)/*BAMS* (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী)/*BHMS* (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী) কোর্সে ভর্তির লক্ষ্যে ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহবান করা হচ্ছে:

০১. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী যারা ২০২০ বা ২০২১ সনে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০২২ বা ২০২৩ সনে এইচএসসি/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান বিষয়সহ উত্তীর্ণ হয়েছেন তারা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজি ২০২০ সনের পূর্বে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

০২. দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।

০৩. উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদনের যোগ্য হবেন না।

০৪. সকলের জন্যে এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপি ৩.৫০ থাকতে হবে।

০৫. অনলাইনে আবেদন শুরুর তারিখ : ০৯-০৫-২০২৪ খ্রি. (সকাল ১০.০০ টা)

০৬. অনলাইনে আবেদনের শেষ তারিখ : ২৫-০৫-২০২৪ খ্রি. (রাত ১১:৫৯ মিঃ)

০৭. অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ : ২৬-০৫-২০২৪ খ্রিঃ (রাত ১১.৫৯ মিঃ)

০৮. প্রবেশ পত্র বিতরণ (ডাউনলোড) : ০৪-০৬-২০২৪ খ্রি. হতে ০৬-০৬-২০২৪ খ্রি. পর্যন্ত

০৯. ভর্তি পরীক্ষার তারিখ : ০৭-০৬-২০২৪ খ্রি. (শুক্রবার, বেলা ০৩:০০ টা হতে ৪:০০ টা পর্যন্ত)

১০. ১০০(একশত) নম্বরের ১০০(একশত)টি এমসিকিউ প্রশ্নের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় বিষয় ভিত্তিক নম্বর বিন্যাস: জীববিজ্ঞান ৩০; রসায়নবিদ্যা ২৫; পদার্থবিজ্ঞান ২০; ইংরেজি ১৫; সাধারণ জ্ঞান ১০। লিখিত পরীক্ষায় ৪০ নম্বরের কম নম্বর প্রাপ্তরা অকৃতকার্য বলে গন্য হবেন।

১১. এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ নম্বর হিসেবে নির্ধারণ করে নিম্নলিখিতভাবে মূল্যায়ন করা হবে ঃ
ক) এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ৮ গুণ = ৪০ নম্বর (সর্বোচ্চ)
খ) এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১২ গুণ = ৬০ নম্বর (সর্বোচ্চ)

১২. *লিখিত পরীক্ষায় নূন্যতম ৪০ বা তদুর্ধ প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তালিকা প্রণয়ন করা হবে।*

১৩. অনলাইনে আবেদন পুরণ করার সময় নির্দেশাবলি *www.dgme.gov.bd* ও *www.dghs.gov.bd* ভালভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরীক্ষা ফিসের ১০০০/- (এক হাজার) টাকা শুধু Prepaid টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

১৪. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, উত্তরপত্র মূল্যায়ন, ফলাফল চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় করা হবে।

১৫. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা (যদি কেউ থাকে) তাদের মার্কস সার্টিফিকেট সমূহ স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে বাংলাদেশে প্রচলিত জিপিএতে রুপান্তর পূর্বক Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুইহাজার) টাকার ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার সহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে।

১৬. বেসরকারি বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজে বিএইচএমএস কোর্সে ডিপ্লোমা ডিগ্রীধারী শিক্ষার্থীদের জন্য ৫০ টি আসন সংরক্ষিত আছে। ডিপ্লোমা পাশকৃত বর্ণিত শিক্ষার্থীদের আগামী ০৮/০৫/২০২৪ খ্রি. হতে ২০/০৫/২০২৪ খ্রি. তারিখের মধ্যে এসএসসি পরীক্ষার মার্কশীট, ডিপ্লোমা পাশের চূড়ান্ত পর্বের মার্কশীট, ডিপ্লোমা সনদের সত্যায়িত কপি হোমিওপ্যাথিক বোর্ডের নিবন্ধন এর সত্যায়িত কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করে আইডি নম্বর গ্রহণ করতে হবে যা ভর্তি পরীক্ষার অনলাইন আবেদনের সময় প্রয়োজন হবে। উল্লেখ্য যে, আইডি নম্বর গ্রহণ না করলে ডিপ্লোমা পাশকৃত পরীক্ষার্থীগণ আবেদন করতে পারবেন না। ভর্তি পরীক্ষার আইডি নম্বর প্রদান ও ডিপ্লোমা কোর্সের নম্বর সমতাকরণ ফি ২০০০/- (দুই হাজার টাকা) যা পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডারসহ আবেদন পূর্বক প্রদান করতে হবে।

১৭. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমানিত হলে, তার ভর্তি বাতিল বলে গন্য হবে।

১৮. *অনলাইন ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য website: http://dgme.teletalk.com.bd স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে। এ ছাড়াও সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তরেও তথ্য পাওয়া যাবে।*

১৯. *অনুমোদিত বেসরকারি ইউনানী মেডিকেল কলেজ, হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ইউনানী-আর্য়ুবেদিক অনুষদ হামদর্দ বিশ্ববিদ্যালয় উল্লেখিত কোর্সসমূহে শিক্ষার্থী ভর্তি ক্ষেত্রে কেন্দ্রীয় ভাবে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০বা তদুর্ধ প্রাপ্ত নম্বরধারীদের প্রস্তুতকৃত জ্যেষ্ঠতার মেধাক্রম অনুসরন পূর্বক প্রাপ্ত আবেদনপত্রসমূহের পূর্নাঙ্গ তালিকা প্রকাশ করে নির্ধারিত আসনে যোগ্য শিক্ষার্থী ভর্তি করতে পারবেন।*

২০. বাংলাদেশ হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের ৫০% আসনে সমন্বিত ভর্তি পরীক্ষার নিয়ম অনুযায়ী শিক্ষার্থী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। চলতি শিক্ষাবর্ষে অবশিষ্ট ৫০% আসনে ঢাকা বিশ্ববিদ্যায়ের চিকিৎসা অনুষদ সংশ্লিষ্ট ডিপ্লোমাধারীদের ভর্তির ব্যবস্থা করবে।

২১. হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ কর্তৃক উক্ত বিশ্ববিদ্যালয়ের ইউনানী-আর্য়ুবেদিক অনুষদকে একটি স্বতন্ত্র ইউনানী ও আর্য়ুবেদিক মেডিকেল কলেজ/ইনষ্টিটিউটে রুপান্তর করে তা কোন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধিভুক্তির শর্ত সাপেক্ষে চলতি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ থেকে সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হলো।

২২. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com

Notice Homo 19-20

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৫.৩৫.০০১.২৪. তারিখ : ০৭-০৫-২০২৪ খ্রি.

অনুলিপি জ্ঞাতার্থেঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
২. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৬. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৭. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: পরিচালক, আইও বিভাগ)।
৮. সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৯. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)।
১০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
১১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
১২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৩. উপাচার্য, চট্টগ্রাম, রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
১৫. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা/ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
১৬. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৭. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, সমন্বয়)
১৮. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)
১৯. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২০. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/সহকারী পরিচালক (অডিট), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
২১. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়।
২২. পরিচালক, অল্টারনেটিভ মেডিসিন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৩. ডীন, ফ্যাকাল্টি অব ফার্মেসী ঢাকা বিশ্ববিদ্যালয়।
২৪. অধ্যক্ষ, সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ঢাকা।
২৫. যুগ্ম-সচিব (চিঃশিঃ ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৬. উপ-সচিব (চিঃশিঃ-১/২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২৭. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২৮. সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, পুরানা পল্টন, ঢাকা। সকল মিডিয়াতে বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা করতে অনুরোধ করা গেল।
২৯. অফিস কপি।

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০
email: medicaledu313@gmail.com